শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সিলেট-৩১১৪, বাংলাদেশ।
ওয়েব সাইট: www.sust.edu
ই-মেইল : registrar@sust.edu

Shahjalal University of Science and Technology
Sylhet-3114, Bangladesh.
Website : www.sust.edu
e-mail : registrar@sust.edu

স্মারক নং-রেজি:/৬১ (পার্ট-১৮)/৪/৮৩০

## বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কবি নজরুল ইনস্টিটিউট কর্তৃপক্ষ কর্তৃক নজরুল-সঙ্গীত, সাহিত্য ও অন্যান্য ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি প্রদানের নিমিত্তে 'নজরুল-পুরস্কার' প্রবর্তন করা হয়েছে। এই ধারাবাহিকতায় গত ২০২৩ ও ২০২৪ সনের জন্য পুরস্কার প্রাপ্তির লক্ষ্যে আগ্রহীদের কাছ থেকে নির্ধারিত ফরমে (ওয়েবসাইটে সংযুক্ত) ২৫ মার্চ ২০২৫ তারিখের মধ্যে তথ্যাদি আহবান করা যাচ্ছে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

স্বা:
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং-রেজি:/৬১ (পার্ট-১৮)/৪/৮৩০ তারিখ: ২০ মার্চ ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো :

০১। কোষাধ্যক্ষ মহোদয়, শাবিপ্রবি।
০২। ডিন: স্কুল অব ফিজিক্যাল সায়েন্সেস, লাইফ সায়েন্সেস, সোশ্যাল সায়েন্সেস, এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজি, এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেস, ম্যানেজমেন্ট এন্ড বিজনেস এডমিনিস্ট্রেশন ও মেডিক্যাল সায়েন্সেস, শাবিপ্রবি।
০৩। বিভাগীয় প্রধান: পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, পরিসংখ্যান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সায়েন্স, সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি, আর্কিটেকচার, অর্থনীতি, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, পলিটিক্যাল ষ্টাডিজ, পাবলিক এ্যাডমিনিস্ট্রেশন, নৃবিজ্ঞান, ফরেষ্ট্রি এন্ড এনভায়রন্মেন্টাল সায়েন্স, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি, ব্যবসায় প্রশাসন, ইংরেজী, বাংলা, জিওগ্রাফি এন্ড এনভায়রনমেন্ট, ইলেকট্রিকেল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি ও সমুদ্রবিজ্ঞান বিভাগ, শাবিপ্রবি।
০৪। পরিচালক: আইআইসিটি, কম্পিউটার ও তথ্য কেন্দ্র এবং আইসিটি সেল, গবেষণা কেন্দ্র, সেন্টার অব এক্সিলেন্স, IQAC, আধুনিক ভাষা ইনস্টিটিউট ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গবেষণা সেল, SUST Writing Center এবং SUST Research Ethics Board (SREB), শাবিপ্রবি
০৫। প্রক্টর, শাবিপ্রবি।
০৬। পরিচালক, ছাত্র উপদেশ ও নির্দেশনা, শাবিপ্রবি।
০৭। প্রভোস্ট: শাহপরান হল, প্রথম ছাত্রী হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, বেগম সিরাজুন্নেসা চৌধুরী হল ও সৈয়দ মুজতবা আলী হল ও বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, শাবিপ্রবি।
০৮। অতিরিক্ত রেজিস্ট্রার (তথ্য ও জনসংযোগ), শাবিপ্রবি।
০৯। উপ রেজিস্ট্রার (একাডেমিক), শাবিপ্রবি।
১০। ভাইস চ্যান্সেলর মহোদয়ের সচিব, শাবিপ্রবি।
১১। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সচিব, শাবিপ্রবি।
১২। সহকারী রেজিস্ট্রার (একাডেমিক), শাবিপ্রবি (**বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য**)।
১৩। নথি।

Selim 20/03/25
উপ রেজিস্ট্রার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কবি নজরুল ইনস্টিটিউট**
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
**www.nazrulinstitute.gov.bd**

জাতীয় কবি
নজরুলের চেতনায়
নতুন বাংলাদেশ

স্মারক নম্বর : ৪৩.২৪.০০০০.০০৫.০৪.০০১.২৫.৪৮৪

তারিখ : ১৪ মাঘ ১৪৩১
২৮ জানুয়ারি ২০২৫

**বিষয় : 'নজরুল-পুরস্কার ২০২৩' ও 'নজরুল-পুরস্কার ২০২৪'-এর মনোনয়ন প্রসঙ্গে।**

উপরিউক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নজরুল-সঙ্গীত, সাহিত্য ও অন্যান্য ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি প্রদানের নিমিত্ত কবি নজরুল ইনস্টিটিউট 'নজরুল-পুরস্কার' প্রবর্তন করেছে। এই ধারাবাহিকতায় গত ২০২৩ ও ২০২৪ সনের জন্য পুরস্কার প্রাপ্তির লক্ষ্যে আগ্রহীদের কাছ থেকে নির্ধারিত ফরমে তথ্যাদি আহ্বান করা যাচ্ছে।

২. 'নজরুল-পুরস্কার নীতিমালা ২০২৪' ও 'নজরুল-পুরস্কার মনোনয়ন ফরম (ব্যক্তি ও প্রতিষ্ঠান)' এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। আগামী ৩১ মার্চ ২০২৫ সোমবার তারিখের মধ্যে এ বিষয়ে মনোনয়ন/প্রস্তাব কবি নজরুল ইনস্টিটিউট প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

MD. Latiful Islam
(মোঃ লতিফুল ইসলাম)
নির্বাহী পরিচালক
ফোন : ৪৮১১৭৭৪১
ই-মেইল : ed@nazrulinstitute.gov.bd

সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
৩. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. চেয়ারম্যান (সিনিয়র সচিব), বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, আইইবি ভবন, রমনা, ঢাকা;
৫. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
৬. নির্বাহী চেয়ারম্যান (সিনিয়র সচিব), বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, শেরে বাংলা নগর, ঢাকা;
৭. নির্বাহী চেয়ারম্যান (সিনিয়র সচিব), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
৮. সচিব/সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. সচিব/সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০. সচিব/সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলানগর, ঢাকা;
১১. সচিব/সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২. সচিব/সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৩. সচিব/সিনিয়র সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৪. সচিব/সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন রোড, ঢাকা;
১৫. সচিব/সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা;
১৬. সচিব/সিনিয়র সচিব, পরিকল্পনা কমিশন, আগারগাঁও, ঢাকা;
১৭. সচিব/চেয়ারম্যান (সিনিয়র সচিব), ভূমি সংস্কার বোর্ড, সাতরাস্তা, তেজগাঁও, ঢাকা;
১৮. সচিব/সিনিয়র সচিব, জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৯. সচিব/সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২০. সচিব/সিনিয়র সচিব, ..............................................................

২২৮৬=

কবি নজরুল ইনস্টিটিউট
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

# 'নজরুল পুরস্কার' নীতিমালা

১. নামকরণ
এ নীতিমালা 'নজরুল পুরস্কার নীতিমালা ২০২৪' নামে অভিহিত হবে।

২. উদ্দেশ্য
নজরুল সংগীত, সাহিত্য ও অন্যান্য ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ প্রতি বছর এতদ্‌সংক্রান্ত বাছাই কমিটির সুপারিশ ও বোর্ডের অনুমোদনক্রমে, কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে একক অথবা যৌথভাবে 'নজরুল পুরস্কার' প্রদান করা।

৩. পুরস্কারের বিবরণ
(ক) পুরস্কারের নাম হবে 'নজরুল পুরস্কার'।
(খ) নজরুল সাহিত্য ও নজরুল সংগীতের ক্ষেত্রে অনন্যসাধারণ অবদানের জন্য বছরে একবার পৃথক দুই ব্যক্তি/প্রতিষ্ঠানকে এ পুরস্কার প্রদান করা হবে।
(গ) কোনো ক্ষেত্রে পুরস্কারের জন্য কোনো যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠান পাওয়া না গেলে সংশ্লিষ্ট বছরে সংশ্লিষ্ট বিষয়ে কোনো পুরস্কার প্রদান করা হবে না।
(ঘ) প্রতিটি বিষয়ের পুরস্কারের মূল্যমান হবে ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা। পুরস্কার প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে পুরস্কারের চেক, সম্মাননা পত্র ও সম্মাননা স্মারক প্রদান করা হবে।
(ঙ) সম্মাননা পত্রে সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, সভাপতি, কবি নজরুল ইনস্টিটিউট ট্রাস্টি বোর্ড এবং নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউটের স্বাক্ষর থাকবে।
(চ) প্রতি বছর নজরুল জন্মবার্ষিকী উপলক্ষে এ পুরস্কার প্রদান করা হবে।

৪. যোগ্যতা
(ক) শুধু বাংলাদেশের নাগরিক এই পুরস্কারের যোগ্য বলে বিবেচিত হবেন।
(খ) বাংলাদেশের মুক্তিযুদ্ধ, স্বাধীনতার চেতনা, সার্বভৌমত্ব, প্রচলিত আইন ও শুদ্ধাচার পরিপন্থী কোনো কার্যক্রম গ্রহণকারী গবেষক বা শিল্পী এই পুরস্কার পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না।
(গ) এই পুরস্কার কেবল ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রদান করা হবে।
(ঘ) পুরস্কার প্রাপ্তির জন্য ইনস্টিটিউট কর্তৃক আবেদন আহ্বান না করা পর্যন্ত কোনো ব্যক্তিগত আবেদনপত্র বিবেচনা করা হবে না।
(ঙ) এ পুরস্কার প্রাপ্ত কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান দ্বিতীয়বার এ পুরস্কার প্রাপ্তির যোগ্য মর্মে বিবেচিত হবেন না।
(চ) কবি নজরুল ইনস্টিটিউট ট্রাস্টি বোর্ডের সভাপতি, সদস্যবৃন্দ এবং 'নজরুল পুরস্কার' কমিটির কোনো সদস্য স্বীয় পদে বহাল থাকা অবস্থায় এই পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৫. নিয়মাবলি

(ক) কবি নজরুল ইনস্টিটিউট প্রতি বছর তফসিল-১ এ বর্ণিত সময়ের মধ্যে ঐ বছরের 'নজরুল পুরস্কার' এর জন্য প্রস্তাব আহ্বান করে একটি বিজ্ঞপ্তি সকল মন্ত্রণালয়ে, জেলা প্রশাসক (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা/পাবলিক বিশ্ববিদ্যালয় এবং ইতঃপূর্বে নজরুল পুরস্কার প্রাপ্তদের নিকট প্রেরণ করবে। 'নজরুল পুরস্কার' প্রাপ্তির উপযুক্ত ব্যক্তিদের নামের প্রস্তাব/মনোনয়ন বিষয়ে যাবতীয় তথ্য বহুল প্রচারের জন্য ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় (কমপক্ষে একটি বহুল প্রচারিত বাংলা এবং একটি বহুল প্রচারিত ইংরেজি দৈনিক পত্রিকায়) বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হবে। এছাড়াও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং কবি নজরুল ইনস্টিটিউটের ওয়েবসাইটে এ সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য প্রকাশ করা হবে।

(খ) প্রস্তাবকগণ মনোনয়ন সংক্রান্ত যাবতীয় তথ্য সম্পূর্ণ গোপন রাখবেন।

(গ) ট্রাস্টি বোর্ডের কোনো সদস্য প্রস্তাবক হতে পারবেন না।

(ঘ) 'নজরুল পুরস্কার কমিটি'র কোনো সদস্য কোনো আবেদনকারীর প্রস্তাবক হতে পারবেন না।

(ঙ) প্রস্তাবকগণ অনুচ্ছেদ ১ অনুসরণপূর্বক প্রস্তাবের ছক (তফসিল-২) যথারীতি পূরণ করে তা ইনস্টিটিউট কর্তৃক সরবরাহকৃত নির্দিষ্ট খামে নির্বাহী পরিচালক বরাবর প্রতি বছর তফসিল-১ এ বর্ণিত সময়ের মধ্যে প্রেরণ করবেন।

(চ) 'নজরুল পুরস্কার' কমিটি নিম্নরূপে গঠিত হবে:

(১) নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট- সভাপতি
(২) সদস্য (সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি), কবি নজরুল ইনস্টিটিউট ট্রাস্টি বোর্ড- সদস্য
(৩) নজরুল সংগীত বিশেষজ্ঞ (একজন)- সদস্য
(৪) নজরুল সাহিত্য বিশেষজ্ঞ (একজন)- সদস্য
(৫) পরিচালক (উপসচিব), কবি নজরুল ইনস্টিটিউট, ঢাকা- সদস্য-সচিব

কার্যপরিধি:

কমিটি তফসিল-১ এর বর্ণিত সময়ের মধ্যে উক্ত তফসিলে বর্ণিত কার্যাদি সম্পূর্ণ করবেন।

(ছ) নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউটের প্রস্তাবমতে (চ) এর (৩) ও (৪) ক্যাটাগরিতে উল্লেখিত সদস্য সরকার কর্তৃক ২(দুই) বছরের জন্য মনোনীত হবে।

(জ) নজরুল পুরস্কার কমিটি প্রতি বছর তফসিল-১ বর্ণিত সময়ের মধ্যে সভা আহবান করবেন।

(ঝ) 'নজরুল পুরস্কার কমিটি' প্রাপ্ত তথ্যসমূহ বিবেচনা করে ঐকমত্য/সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে পুরস্কার প্রদানের জন্য তাঁদের সুপারিশকৃত নামের তালিকা ট্রাস্টি বোর্ডের সভাপতির কাছে প্রেরণ করবেন।

(ঞ) পুরস্কারের জন্য মনোনয়ন/সুপারিশ প্রণয়নের ভিত্তি/মূল্যায়নের নিয়ামকসমূহ কমিটি কর্তৃক নির্ধারিত হবে।

(ট) ঐকমত্য/সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে পুরস্কার প্রদানের বিষয়টি চূড়ান্ত না হলে কমিটির প্রত্যেক সদস্যের একটি করে ভোট থাকবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতির ভোট প্রদানের ক্ষমতা থাকবে।

(ঠ) 'নজরুল পুরস্কার কমিটি' কর্তৃক সুপারিশকৃত নামের তালিকা অনুমোদনের জন্য ইনস্টিটিউট তফসিল -১ বর্ণিত সময়ের মধ্যে ইনস্টিটিউট ট্রাস্টি বোর্ডের সভা আহ্বান করে পুরস্কারের জন্য মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠানের তালিকা চূড়ান্ত করবে।

২২৪৫২

(ড) 'নজরুল পুরস্কার কমিটি'র সুপারিশ ট্রাস্টি বোর্ড ঐকমত্য/সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে গ্রহণ করতে পারবেন। তবে নজরুল পুরস্কার কমিটি কর্তৃক সুপারিশকৃত তালিকার বর্হিভূত কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানকে পুরস্কারের জন্য ট্রাস্টি বোর্ড বিবেচনা করতে পারবেন না।

(ঢ) 'নজরুল পুরস্কার কমিটি'র সুপারিশকৃত কোনো গবেষক বা শিল্পীর নাম যৌক্তিক কারণে বিবেচনা না করার ক্ষমতা 'কবি নজরুল ইনস্টিটিউট ট্রাস্টি বোর্ড' সংরক্ষণ করেন।

(ণ) 'নজরুল পুরস্কার'-এর কোনো বিষয়ের যৌথ পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলে (এক বিষয়ে একের অধিক) পুরস্কারের অর্থমূল্য পুরস্কৃত প্রত্যেকের মধ্যে সমহারে বন্টিত হবে।

(ত) কবি নজরুল ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক বা তাঁর মনোনীত প্রতিনিধি পুরস্কার প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম সরকারকে অবহিত রেখে বিধিমোতাবেক ঘোষণা করবেন।

(থ) পুরস্কার ঘোষণার পর পুরস্কারের জন্য মনোনীত গুণীজন প্রয়াত হলে তাঁর আইনানুগ উত্তরাধিকারী বা উত্তরাধিকারীগণ পুরস্কারের অর্থ গ্রহণ করতে পারবেন।

৬. পুরস্কার নীতিমালা সংশোধন:

(ক) এ নীতিমালা দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে সম্পূর্ণ বা আংশিক সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার কবি নজরুল ইনস্টিটিউট ট্রাস্টি বোর্ডের থাকবে।

(খ) এ নীতিমালা সম্পর্কে উত্থাপিত যে কোনো সংশোধনী প্রস্তাব লিখিত আকারে প্রস্তাবকের স্বাক্ষর যুক্ত হয়ে ট্রাস্টি বোর্ডে উপস্থাপন করতে হবে।

(গ) এই নীতিমালায় অনুল্লেখিত কোনো বিষয়ে সরকারের অনুমোদন সাপেক্ষে ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

## তফসিল-১

নজরুল পুরস্কার প্রদান সংক্রান্ত কার্যক্রমের বিভিন্ন ধাপ এবং সময়:

| ক্রমিক নং | সম্পাদিতব্য কাজ | সম্ভাব্য সময়সীমা |
|---|---|---|
| ১. | 'নজরুল পুরস্কার' এর জন্য প্রস্তাব আহ্বান (অনুচ্ছেদ ৫(ক)) | প্রতি বছর জানুয়ারি |
| ২. | পুরণকৃত প্রস্তাবের ছক নির্বাহী পরিচালক বরাবর প্রেরণ (অনুচ্ছেদ ৫ (ঙ)) | প্রতি বছর মার্চ |
| ৩. | প্রাপ্ত প্রস্তাবসমূহ বিবেচনান্তে পুরস্কারের জন্য মনোনয়ন/সুপারিশ প্রণয়নের নিমিত্ত সভা আহবান ও প্রণীত সুপারিশ সংবলিত তালিকা সভাপতি, কবি নজরুল ইনস্টিটিউট ট্রাস্টি বোর্ড বরাবর প্রেরণ (অনুচ্ছেদ ৫(জ) ও (ঝ)) | প্রতি বছর এপ্রিল |
| ৪. | ট্রাস্টি বোর্ড কর্তৃক ব্যক্তি/প্রতিষ্ঠান নির্বাচন সম্পন্নকরণ (অনুচ্ছেদ ৫(ঠ)) | প্রতি বছর মে মাসের প্রথম সপ্তাহ |

## তফসিল -২

নজরুল পুরস্কারের জন্য প্রস্তাবিত ব্যক্তি সম্পর্কিত তথ্য ছক
(একটি প্রস্তাবের ছকে একজনের নাম প্রস্তাব করা যাবে)

দুই কপি রঙিন পাসপোর্ট সাইজ এবং দুই কপি স্ট্যাম্প সাইজ ছবি

১। প্রস্তাবকারী মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থা/ পাবলিক বিশ্ববিদ্যালয়/ ব্যক্তির নাম, পদবি, ঠিকানা এবং টেলিফোন/ ফ্যাক্স নম্বর :

২। নজরুল পুরস্কারের জন্য প্রস্তাবিত ব্যক্তির নাম :
পিতার নাম : মাতার নাম:
জন্মতারিখ : নিজ জেলা:

৩। প্রকৃত জন্মস্থান :
(জন্মস্থান নিজ জেলার বাইরে হইলে)

৪। স্থায়ী ঠিকানা (টেলিফোন/ ফ্যাক্সসহ) :

৫। বর্তমান ঠিকানা (টেলিফোন/ ফ্যাক্সসহ) :

৬। শিক্ষাগত যোগ্যতা :

| ক্রমিক | শিক্ষার স্তর | শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | শিক্ষাজীবনের বিশেষ কৃতিত্ব (যদি থাকে) |
|---|---|---|---|
| ১. | প্রাথমিক বিদ্যালয় | | |
| ২. | এস.এস.সি/ সমমান | | |
| ৩. | এইচ.এস.সি/ সমমান | | |
| ৪. | স্নাতক/ সমমান | | |
| ৫. | স্নাতকোত্তর/ সমমান | | |
| ৬. | উচ্চতর ডিগ্রি | | |
| ৭. | উল্লেখযোগ্য অন্য কোনো সার্টিফিকেট/ ডিপ্লোমা | | |

2288



৭। সামাজিক/ সাংস্কৃতিক কার্যক্রমে অংশগ্রহণ:

| ক্রমিক | সংস্থার নাম ও ঠিকানা | কোনো দায়িত্বপূর্ণ পদে থাকিলে পদের নাম ও সময়কাল | বিশেষ কৃতিত্ব (যদি থাকে) |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| -- | | | |
| ১০. | | | |

৮। নজরুল বিষয়ে উল্লেখযোগ্য গবেষণা/ প্রবন্ধ/ বই প্রকাশনার বিবরণ:

| ক্রমিক | গবেষণা/ প্রবন্ধ/ বই প্রকাশনার শিরোনাম | প্রকাশক/ জার্নালের নাম, প্রকাশনার স্থান ও বছর | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| -- | | | |
| ১০. | | | |

৯। বিশেষ কোনো পুরস্কার/ সম্মাননা পাইয়া থাকিলে তাহার বিবরণ:

| ক্রমিক | পুরস্কার/ সম্মাননার নাম ও প্রাপ্তির সন | পুরস্কার/সম্মাননার সংক্ষিপ্ত বিবরণ | মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| -- | | | |
| ১০. | | | |

১০। নজরুল পুরস্কারের জন্য ব্যক্তির নাম প্রস্তাবের কারণ সংক্ষেপে আলোকপাত (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে):

১১। যে ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ নজরুল পুরস্কার প্রদানের প্রস্তাব করা হইয়াছে সেই ক্ষেত্রে প্রস্তাবিত ব্যক্তির অবদান (সংক্ষিপ্ত তবে সুনির্দিষ্ট):

১২। প্রস্তাবক নজরুল পুরস্কাররে জন্য তাঁহার প্রস্তাবিত ব্যক্তির অনধিক ৩৫০ (তিনশত পঞ্চাশ) শব্দের একটি সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত (জীবন বৃত্তান্তে বর্ণিত তথ্য সঠিকতার প্রমাণপঞ্জিসহ) প্রত্যয়নপূর্বক ছক সংলগ্ন করিবেন :

১৩। উল্লেখ করিবার মতো অন্য কোনো গুরুত্বপূর্ণ তথ্য থাকিলে তাহার বিবরণ:

১৪। নজরুল পুরস্কার প্রস্তাব প্রক্রিয়াকালীন জরুরি কোনো তথ্য ও অন্য যে কোনো প্রয়োজনে যাহার সাথে যোগাযোগ করা যাইতে পারে এমন ব্যক্তির নাম ও ঠিকানা:

নাম ও ঠিকানা:

টেলিফোন নম্বর: ফ্যাক্স নম্বর (যদি থাকে):

ই-মেইল নম্বর (যদি থাকে):

১৫। পুরস্কার বিতরণের সময় নজরুল পুরস্কার প্রাপ্ত ব্যক্তি কোনো কারণে অনুপস্থিত থাকিলে তাঁহার পরিবর্তে যিনি পুরস্কার গ্রহণ করিবেন তাঁহার নাম ও ঠিকানা :

নাম ও ঠিকানা:

টেলিফোন নম্বর: ফ্যাক্স নম্বর (যদি থাকে):

ই-মেইল নম্বর (যদি থাকে):

১৬। প্রস্তাব:

.....................................................................(প্রস্তাবিত ব্যক্তির নাম) সম্পর্কে উপরে প্রদত্ত তথ্য এবং সংযুক্ত কাগজপত্র আমার জানামতে সঠিক। নজরুল সংগীত, সাহিত্য ও অন্যান্য ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ তিনি নজরুল পুরস্কার পাইবার যোগ্য। আমি ২০....... সালে ........................................ ক্ষেত্রে তাঁহাকে নজরুল পুরস্কার প্রদান করিবার প্রস্তাব করিতেছি।

তারিখ :

প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ-এর সচিব,
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা প্রধান/
পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভিসি/রেজিস্ট্রার,
জেলা প্রশাসক,
অথবা
নজরুল পুরস্কারে ভূষিত
প্রস্তাবক ব্যক্তির স্বাক্ষর

=286=

নজরুল পুরস্কারের জন্য প্রস্তাবিত প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য ছক
(একটি প্রস্তাবের ছকে একজনের নাম প্রস্তাব করা যাবে)

প্রতিষ্ঠান প্রধানের দুই কপি রঙিন পাসপোর্ট সাইজ এবং দুই কপি স্ট্যাম্প সাইজ ছবি

১। প্রস্তাবকারী মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থা/ পাবলিক বিশ্ববিদ্যালয়/ ব্যক্তির নাম, পদবি, ঠিকানা এবং টেলিফোন/ ফ্যাক্স নম্বর :

২। প্রস্তাবিত প্রতিষ্ঠানের নাম:
পূর্ণ ঠিকানা:

রেজিস্ট্রেশন নং ও রেজিস্ট্রেশনের সন:
(প্রযোজ্য ক্ষেত্রে)
প্রধান নির্বাহীর নাম: পদ মর্যাদা (প্রযোজ্য ক্ষেত্রে):
টেলিফোন নম্বর: প্রধান নির্বাহীর ফ্যাক্স নম্বর:
ওয়েবসাইট ঠিকানা: ই-মেইল ঠিকানা:

৩। নজরুল বিষয়ে প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য অর্জন/অবদান/কৃতিত্ব:

৪। বিশেষ কোনো পুরস্কার/সম্মাননা পাইয়া থাকিলে তাহার বিবরণ:

| ক্রমিক | পুরস্কার/সম্মাননার নাম ও প্রাপ্তির সন | পুরস্কার/সম্মাননার সংক্ষিপ্ত বিবরণ | মন্তব্য(যদি থাকে) |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| --- | | | |
| ১০. | | | |

৫। যে ক্ষেত্রে অবদানের স্বীকৃতি স্বরূপ নজরুল পুরস্কার প্রদানের সুপারিশ করা হইয়াছে সেই ক্ষেত্রে সুপারিশকৃত প্রতিষ্ঠানের অবদানের সংক্ষিপ্ত বৃত্তান্ত প্রত্যয়নপূর্বক ছক সংলগ্ন করিবেন:

৬। উল্লেখ করিবার মতো কোনো গুরুত্বপূর্ণ তথ্য থাকিলে তাহার বিবরণ:

৭। সংযোজিত কাগজপত্রের বিবরণ:

ক) সর্বশেষ বার্ষিক রিপোর্ট:

খ) সর্বশেষ বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে):

গ) সর্বশেষ অডিট রিপোর্ট:

ঘ) সর্বশেষ ৫টি বোর্ড অব গভর্নর/ ডাইরেক্টর বা ম্যানেজিং কমিটির মিটিং এর কার্যাবলি:

৮। নজরুল পুরস্কার প্রদানের প্রস্তাব প্রক্রিয়াকরণকালে জরুরি কোনো তথ্য ও অন্য যে কোনো প্রয়োজনে যাহার সাথে যোগাযোগ করা যাইতে পারে এমন ব্যক্তির নাম ও ঠিকানা:

নাম:
পদবী:
ঠিকানা:
টেলিফোন নম্বর: ফ্যাক্স নম্বর (যদি থাকে):
ই-মেইল নম্বর (যদি থাকে):

৯। পুরস্কার বিতরণের সময় প্রতিষ্ঠান প্রধান কোনো কারণে অনুপস্থিত থাকিলে তাঁহার পরিবর্তে যিনি পুরস্কার গ্রহণ করিবেন তাঁহার নাম ও ঠিকানা:

নাম:

পদবী:

ঠিকানা:

টেলিফোন নম্বর: ফ্যাক্স নম্বর (যদি থাকে):

ই-মেইল নম্বর (যদি থাকে):

১০। প্রস্তাব:

..............................................................................................(প্রস্তাবিত প্রতিষ্ঠানের নাম) সম্পর্কে উপরে প্রদত্ত তথ্য এবং সংযুক্ত কাগজপত্র আমার জানামতে সঠিক। নজরুল সংগীত, সাহিত্য ও অন্যান্য ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ তিনি নজরুল পুরস্কার পাইবার যোগ্য। আমি ২০....... সালে ........................................... ক্ষেত্রে প্রতিষ্ঠানটিকে নজরুল পুরস্কার প্রদান করিবার প্রস্তাব করিতেছি।

তারিখ :

প্রস্তাবক মন্ত্রণালয়/ বিভাগ-এর সচিব,
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা প্রধান, পাবলিক
বিশ্ববিদ্যালয়ের ভিসি/রেজিস্ট্রার
জেলা প্রশাসক
অথবা
নজরুল পুরস্কারে ভূষিত

প্রস্তাবক ব্যক্তির স্বাক্ষর